
কাতারে ইসরায়েলি বিমান হামলা, হামাস নেতাদের বৈঠক ছিল লক্ষ্যবস্তু



সংগৃহীত ছবি

কাতারের রাজধানী দোহায় ইসরায়েল বিমান হামলা চালিয়েছে। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) বিস্ফোরণে কেঁপে ওঠে শহরটি। ইসরায়েলি সূত্র জানিয়েছে, হামাসের শীর্ষ নেতাদের লক্ষ্য করেই এ হামলা হয়। আলজাজিরার তথ্যমতে, বৈঠকে যুক্তরাষ্ট্রের দেওয়া যুদ্ধবিরতির প্রস্তাব নিয়েই আলোচনার কথা ছিল।

কাতারের রাজধানী দোহায় ইসরায়েল বিমান হামলা চালিয়েছে বলে জানা গেছে। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) বিকট বিস্ফোরণে কেঁপে ওঠে শহরটি। ইসরায়েলি একটি সূত্র জানিয়েছে, হামাসের শীর্ষ নেতৃত্বকে টার্গেট করেই এই হামলা চালানো হয়।

ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) এক বিবৃতিতে বলেছে, “৭ অক্টোবর ইসরায়েলের ওপর হওয়া হামলার মূল পরিকল্পনাকারী এবং এর জন্য দায়ী কয়েকজন উচ্চপর্যায়ের নেতার ওপর আঘাত হানা হয়েছে। তারা বহু বছর ধরে সন্ত্রাসী কার্যক্রমে জড়িত এবং ইসরায়েলের বিরুদ্ধে চলমান যুদ্ধে নেতৃত্ব দিয়ে আসছিলেন।” তবে আইডিএফ সরাসরি কাতারের নাম উল্লেখ করেনি।

ইসরায়েলি চ্যানেল-১২’র তথ্য অনুযায়ী, বৈঠকে হামাসের অন্যতম প্রধান নেতা খালেদ মাশাল উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ১৯৯৭ সালে জর্ডানে তাকে হত্যার চেষ্টা করেছিল ইসরায়েল। আলজাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, বৈঠকে মূলত যুক্তরাষ্ট্রের প্রস্তাবিত নতুন যুদ্ধবিরতি নিয়ে আলোচনা হওয়ার কথা ছিল।

বিস্তারিত পরে আসছে...